নগদ ২০ হাজার প্রদান ও দেড়মাসের মধ্যে টাকা পরিশোধের শর্তে জামিন

মেহেরপুরে ৪ লাখ ২৫ হাজার টাকা প্রতারণার মামলায় তানিশা ইয়াসমিন ইমা ও তার স্বামী রুবেল শেখকে আটক করেছে পুলিশ।

গতকাল বুধবার সকাল ১০টার দিকে শহরের পুরাতন পোস্ট অফিসপাড়ার নিজ বাড়ি থেকে তাদের আটক করা হয়। পরে দুপুরে তাদের আদালতে তোলা হলে নগদ ২০ হাজার টাকা প্রদান করে এবং দেড়মাসের মধ্যে পুরো টাকা পরিশোধ করবে বলে লিখিত দিলে আদালত তাদের জামিন মঞ্জুর করে।

আটক রুবেল শেখ ও তার স্ত্রী তানিশা ইয়াসমিন ইমা মেহেরপুর শহরের পুরাতন পোস্ট অফিসপাড়া এলাকার বাসিন্দা।

জানা গেছে, ৪ লাখ ২৫ হাজার টাকা প্রতারণার অভিযোগে গত ১৫ এপ্রিল রেহেনা খাতুন মেহেরপুর সদর আমলি আদালতে মামলাটি দায়ের করেন। মামলার নম্বর ৩৭৩/২০২৬। মামলাটি আমলে নিয়ে আদালত আসামিদের আগামী ৬ জুলাই হাজির হওয়ার জন্য সমন জারি করেন। পরবর্তীতে মেহেরপুরের অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোছা. তানিয়া খাতুন আসামিদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন।

মামলার অভিযোগে বলা হয়েছে, ব্যবসার জন্য টাকার প্রয়োজন হলে আসামিরা বাদীর কাছে ঋণ চান। সরল বিশ্বাসে বাদী সাক্ষীদের উপস্থিতিতে ২০২৫ সালের ৯ নভেম্বর নগদ ৪ লাখ ২৫ হাজার টাকা দেন। আসামিরা ৯০ দিনের মধ্যে টাকা পরিশোধের প্রতিশ্রুতি দিয়ে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিপত্র সম্পাদন করেন। পাশাপাশি ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, মেহেরপুর শাখার ৪ লাখ ২৫ হাজার টাকার একটি চেক প্রদান করেন।

পরবর্তীতে নির্ধারিত সময় শেষে চেকটি ব্যাংকে জমা দিলে হিসাবে পর্যাপ্ত টাকা না থাকায় চেকটি ফেরত দেওয়া হয় বলে মামলার অভিযোগে উল্লেখ করা হয়েছে। পরে বাদী পাওনা টাকা চাইলে আসামিরা বিভিন্ন অজুহাতে সময়ক্ষেপণ করেন এবং একপর্যায়ে টাকা পরিশোধে অস্বীকৃতি জানান বলেও অভিযোগ করা হয়েছে। এছাড়া টাকা চাইতে গেলে হত্যার হুমকি দেওয়ার অভিযোগও রয়েছে।

[redacted]

[redacted]